অংশগ্রহণকারীর তথ্য শীট - 6-9 বছর বয়সী শিশু V6 03.10.20

কোভিড-19 আমাদের সকলের জীবন পরিবর্তন করে দিয়েছে। স্কুলগুলো বন্ধ রয়েছে আর অনেক ব্যক্তি বাসায় থেকে কাজ করছেন এবং বাইরে বের হচ্ছেন না। অন্যান্যরা কাজ করতে পারছে না। এসব কিছুই হচ্ছে ভাইরাসের ছড়িয়ে পড়া এবং অসুস্থ করে তোলা থেকে বিরত রাখার চেষ্টা।

আমরা আপনাকে একটি গবেষণাতে অংশগ্রহণ করতে আমন্ত্রণ জানাচ্ছি যাতে আমরা এই ভাইরাস সম্পর্কে আরো জানতে পারি। ভাইরাস দ্বারা এত বেশি ক্ষতি হওয়া আমরা কীভাবে আটকাতে পারি তা নিয়ে কাজ করতে এটি বিজ্ঞানীদের সাহায্য করবে। অনুগ্রহ করে এই তথ্যগুলো পড়ুন, একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির সাথে আলোচনা করুন এবং এরপরে সিদ্ধান্ত নিন যে আপনি অংশ নিতে চান কি না।

এই গবেষণার বিষয় কী?

এই গবেষণার বিষয় হচ্ছে নতুন করোনাভাইরাস- কোভিড-19। কোভিড হলো নতুন, তাই কিছু□ বিষয় রয়েছে যা আমরা জানি তবে প্রচুর বিষয় রয়েছে যা আমরা জানি না।

আমরা কোভিড-19 সম্পর্কে ইতোমধ্যে কী জানি?	**আমরা কী বিষয় সম্পর্কে জানি না এবং আশা করি VIRUS WATCH (ভাইরাস ওয়াচ)খুঁজে বের করবে**
✓ আমরা জানি যে প্রাপ্তবয়স্করা কোভিড আক্রান্ত হলে প্রায়ই কাশি ও শরীরে উচ্চ তাপমাত্রা দেখা যায়।	✗ আমরা জানি না যে শিশুদের মধ্যে পেটে ব্যথা, ডায়রিয়া বা অসুস্থ বোধ করার মতো বিভিন্ন লক্ষণ দেখা যায় কি না।
✓ আমরা জানি যে কোভিডের কারণে কিছু প্রাপ্তবয়স্ক ব্যক্তি খুব অসুস্থ হয়ে পড়ছেন তবে কোভিডের কারণে শিশুরা খুব অসুস্থ হওয়ার সম্ভাবনা অত্যন্ত কম।	✗ আমরা জানি না যে কতজন ব্যক্তি লোক সর্দির মতো কিছুটা হালকা অসুস্থতায় ভোগেন বা শিশুরা অসুস্থ না হয়ে কোভিড আক্রান্ত হতে পারে কি না।

যদি আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে UCL Virus Watch এর প্রকল্প পরিচালককে নিচের ঠিকানায় ইমেইল প্রেরণ করুন: viruswatch@ucl.ac.uk

আমরা জানি যে আমাদের শরীর কিছু সংক্রমণের তথ্য সংরক্ষণ করে রাখে যাতে তারা ভবিষ্যতে এগুলোর বিরুদ্ধে লড়াই করতে পারে।	✖ একবার কোভিডে আক্রান্ত হলে তা আপনাকে আবার আক্রান্ত হওয়া থেকে বিরত রাখবে কি না তা আমরা জানি না।

যদি আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে UCL Virus Watch এর প্রকল্প পরিচালককে নিচের ঠিকানায় ইমেইল প্রেরণ করুন: viruswatch@ucl.ac.uk

✓ আমরা জানি যে কোভিড খুব সহজেই ছড়িয়ে পড়তে পারে।	✗ শিশুদের মধ্যে কোভিড কত ঘন ঘন ছড়ায় তা আমরা জানি না।
✓ আমরা জানি যে কোভিডের ছড়িয়ে পড়াকে থামাতে সরকার আমাদের প্রচুর পরামর্শ দিয়েছেন।	✗ আমরা জানি না কতজন মানুষ এই পরামর্শ অনুসরণ করতে সক্ষম।

আমি অংশগ্রহণ করব তা কেন চান?

Virus Watch গবেষণার জন্য প্রতিটি পরিবারের প্রত্যেকে সদস্যের অংশ নেওয়া প্রয়োজন তাই শিশু এবং অল্প বয়সীদের পাশাপাশি প্রাপ্তবয়স্কদেরও এতে অন্তর্ভুক্ত করা খুব গুরুত্বপূর্ণ।

কতজন শিশু ও তরুণ ব্যক্তি কোভিড আক্রান্ত হয় এবং তাদের দ্বারা বাসার অন্য সদস্যদের মধ্যে সংক্রমণ ছড়িয়ে পড়ে কি না তা আমাদের জানতে হবে। এর অর্থ আমরা চাই যে আপনার পরিবারের সবাই এতে অংশগ্রহণ করুক।

এটি আমাদের বুঝতে সাহায্য করবে স্কুলসমূহ বন্ধ করা কতটা কার্যকর, এগুলো কতদিন বন্ধ করা প্রয়োজন এবং কখন এটি হওয়া উচিত।

আমাকে কি অংশগ্রহণ করতে হবে?

না, গবেষণাতে অংশগ্রহণ করবেন কি না সে সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া সম্পূর্ণরূপে আপনার উপর নির্ভর করে। আপনি যেকোনো সময় গবেষণা থেকে সরে যেতে পারেন এবং এর জন্য আপনাকে কোন কারণ দেখাতে হবে না।

আমাকে কী করতে হবে?

এই গবেষণার বিভিন্ন অংশ রয়েছে; সেগুলো হচ্ছে:

1) অনলাইনে অসুস্থতা সম্পর্কে প্রতিবেদন এবং অন্যান্য তথ্য
2) হাসপাতালের মেডিকেল রেকর্ডের বিশ্লেষণ
3) ব্যক্তিবর্গ কোভিড আক্রান্ত হয়েছেন কি না তা জানতে একটি সোয়াবিং গবেষণা
4) ব্যক্তিবর্গের শরীরে কোভিডের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা তৈরি হয়েছে কি না তা জানতে একটি রক্ত পরীক্ষার গবেষণা।

আমরা চাই যে Virus Watch এর অংশ হিসেবে আছেন এমন সকল পরিবার প্রথম দুইটি অংশে

অংশগ্রহণ করেন তবে শুধুমাত্র কয়েকটি পরিবারকে তৃতীয় এবং চতুর্থ গবেষণাতে অংশগ্রহণের জন্য নির্বাচন করা হবে। কোভিড কীভাবে মানবগোষ্ঠীকে প্রভাবিত করে সে সম্পর্কে আমাদের যাতে সেরা বক্তব্য প্রদান করতে পারি, তাই পরিবারসমূহের একটি ভালো মিশ্রণ পাওয়ার জন্য কোন কোন পরিবারগুলোকে সোয়াব ও রক্ত পরীক্ষার গবেষণাতে পরবর্তীতে আমন্ত্রণ জানাবো তা আমরা নির্বাচন করব।

1) গবেষণার শুরুতে, আপনার সম্পর্কে কিছু প্রশ্নের উত্তর আপনার পরিবারের একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি প্রদান করবেন। আপনার বয়স কত এবং হাঁপানির মতো কোন চিকি□সাধীন অবস্থা আছে কি না তা আমরা জানতে চাই।

অনলাইনে অসুস্থতা প্রতিবেদনের গবেষণা - যখনই আপনার বাসার কেউ সর্দি-কাশি এবং এমন উপসর্গসহ অসুস্থ থাকে যেগুলো কোভিড হতে পারে, তখন তাদেরকে প্রতিদিন তাদের লক্ষণসমূহ লিখে রাখতে হবে যে তারা অসুস্থ। আপনার পরিবার এতে আপনাকে সহায়তা করতে পারে।

প্রতি সপ্তাহে আপনার বাড়ির একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি একটি ইমেইল পাবেন যাতে বাসার কেউ অসুস্থ কি না তা জিজ্ঞাসা করা হবে এবং একটি কম্পিউটার পরিচালিত জরিপে তাদের লক্ষণসমূহ রেকর্ড করার জন্য বলা হবে।

শ্বাসজনিত সংক্রমণের জন্য আপনি কোন ডাক্তার বা হাসপাতালে সাক্ষাত করলে তার রেকর্ড রাখতে আমরা **আপনার মেডিকেল রেকর্ড দেখতে চাই**। গবেষণায় যোগদানের পরে আমরা এটি 5 বছর পর্যন্ত করতে পারি। এর কারণ হলো আমরা মনে করি যে প্রতি শীতকালে এই ভাইরাসটি ফিরে আসবে।

3) সকল পরিবার নয়, বরং কয়েকটি পরিবারকে অসুস্থতার সময় **নাক ও গলার সোয়াব** প্রদান করতে বলা হবে। এতে কোনো ব্যথা অনুভূত হয় না এবং এতে পিতা-মাতা বা অভিভাবক একটি ছোট ব্রাশ নিয়ে আপনার গলার পিছনে আলতো করে ব্রাশ করেন, এরপর আপনার নাকের অভ্যন্তরে ব্রাশ করেন। এরপরে এটি একটি পরীক্ষাগারে বিজ্ঞানীদের কাছে প্রেরণ করা হয় যা তারা কোভিড-19 এর জন্য পরীক্ষা করবেন এবং অন্যান্য সাধারণ শ্বাসজনিত সংক্রমণের (যেমন সর্দি এব□ ফ্লু) পরীক্ষা করার জন্য এটি সংরক্ষণ করবেন।

আপনার বাড়ির অন্য কেউ অসুস্থ থাকাকালীন আমরা আপনাকে বিভিন্ন দিনে নাক এবং গলার আরো সোয়াব সংগ্রহ করতে বলতে **পারি**। কোভিড-19 একজন ব্যক্তি থেকে অন্য ব্যক্তিতে কীভাবে ছড়িয়ে পড়ে এবং অসুস্থ না হয়ে ব্যক্তিবর্গ কীভাবে কোভিড আক্রান্ত হন সে সম্পর্কে

এটি প্রকাশ করবে।

4) আমরা দুইটি পৃথক সময়ে খুব কম পরিমাণে রক্ত (প্রায় 3 টেবিল চামচ পূর্ণ - 15 মিলি) দিতে বলতে **পারি**। আপনি যাতে সুঁইয়ের ব্যথা অনুভব না করেন তার জন্যে আমরা একটি অসাড়করণ ক্রীম ব্যবহার করতে পারি। আমাদের দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থা কীভাবে কোভিড-19 এবং অন্যান্য শ্বাসজনিত সংক্রমণে প্রতিক্রিয়া জানায় এবং এই সুরক্ষা কত দিন স্থায়ী হতে পারে সে সম্পর্কে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ এই রক্তের নমুনা প্রকাশ করবে। ডাক্তারের ক্লিনিক বা হাসপাতাল অথবা আপনার বাসায় এই রক্তের পরীক্ষা করানো হবে।

যদি আপনি রক্তের নমুনা প্রদান করতে না চান, তাহলে এর পরিবর্তে আমরা আপনাকে আঙুল ফুটা করে নমুনা প্রদান করতে বলতে **পারি**। আপনার আঙুলের মধ্যে একটি ছোট ফুটা করে এবং একটি স্পঞ্জি তুলোর প্রান্তের উপর কয়েক ফোঁটা রক্ত সংগ্রহের মাধ্যমে এটি করা হয়। অতীতে আপনি কোভিড-19 আক্রান্ত হয়েছেন কি না তা এই পরীক্ষার মাধ্যমে আপনি 10 মিনিটের মধ্যে জানতে পারবেন।

5) যদি আপনার পরিবারের কোনো সদস্যের মধ্যে কোভিড-19 থাকে তাহলে, তাদের অসুস্থতার দুই সপ্তাহ পরে উপরে বর্ণিত প্রক্রিয়ায় আমরা আঙুল ফুটা করে নমুনা প্রদান করতে বলতে **পারি**।

রক্ত দেওয়ার প্রয়োজন নেই এ সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার বিষয়টি সম্পূর্ণরূপে আপনার উপর নির্ভরশীল এবং যদি আপনি রক্ত না দেওয়ার সিদ্ধান্ত নেন তারপরও আপনি গবেষণাতে অংশ নিতে পারবেন।

এই গবেষণাটি কতদিন চলবে?

এই গবেষণাটি আগামী বছরের (2021) বসন্তকাল পর্যন্ত চলবে।

আমার যদি আরো প্রশ্ন থাকে?

যদি আপনার আরো কোনো প্রশ্ন থাকে, তাহলে একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে
নিচের ঠিকানায় ইমেইল প্রেরণ করতে বলুন:

viruswatch@ucl.ac.uk

যদি আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে UCL Virus Watch এর প্রকল্প পরিচালককে নিচের ঠিকানায় ইমেইল প্রেরণ করুন: viruswatch@ucl.ac.uk

Virus Watch সম্পর্কে পড়ার জন্য আপনাকে ধন্যবাদ

যদি আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে UCL Virus Watch এর প্রকল্প পরিচালককে নিচের ঠিকানায় ইমেইল প্রেরণ করুন: viruswatch@ucl.ac.uk